# বৈয়াকরণসিদ্ধান্ত-কৌমুদী

# হল্‌সন্ধি-প্রকরণম্

[ সূত্র-বৃত্তি-সূত্রচ্ছেদ-বঙ্গার্থ-রূপসিদ্ধি সংবলিতম্ ]

সোমা প্রামাণিক

সংস্কৃত পুস্তক বিপণি
৮, শ্যামাচরণ দে স্ট্রিট,
কলকাতা-৭০০ ০৭৩ ✆ ২২৪১-৯৪৯৪

# নিবেদনম্

*প্রণম্য শিরসা দেবং গৌরীপুত্রং বিনায়কম্।*
*সোমানাম্নী স্মরেন্নিত্যমায়ুষ্কামার্থসিদ্ধয়ে।।*

সংস্কৃত ভাষা এক অত্যন্ত প্রাচীন ভাষা। বিশ্বসাহিত্যের সর্বপ্রথম গ্রন্থ ঋগ্বেদ এই ভাষাতেই দেদীপ্যমান রত্নস্বরূপ। সংস্কৃত তথা দেবভাষা পৃথিবীর সমৃদ্ধতম ভাষা হইবার ফলে স্বাভাবিকভাবে তাহার ব্যাকরণও সমৃদ্ধ হইয়া পড়ে। বহুবিধ ব্যাকরণ থাকা সত্ত্বেও আচার্য মহর্ষি পাণিনি প্রণীত অষ্টাধ্যায়ী বিশ্বের এক অপূর্ব সৃষ্টি। কথায় বলে **'কাণাদং পাণিনীয়ঞ্চ সর্বশাস্ত্রোপকারকম্'**—কণাদের বৈশেষিক দর্শন এবং পাণিনির ব্যাকরণ সকল শাস্ত্রের উপকারক। আচার্য পাণিনি বৈদিক ও লৌকিক শব্দের ব্যাকরণ রচনা করিয়াছেন। ষড়্‌বেদাঙ্গের মধ্যে ব্যাকরণ হইল মুখ্য বেদাঙ্গ। তাহাই ভাষ্যকার বলিয়াছেন—**'প্রধানে চ কৃতযত্নঃ ফলবান্ ভবতি**। মহর্ষি পাণিনি তাঁহার অষ্টাধ্যায়ী গ্রন্থে সূত্রসমূহ এমনভাবে সজ্জিত করিয়াছেন যে, তাহা দেখিয়া বিস্ময় হইতে হয়। পাণিনি প্রস্থানের মুখ্য আচার্যত্রয় হইলেন—পাণিনি,কাত্যায়ন ও পতঞ্জলি। অষ্টাধ্যায়ীকে আধার করিয়া বহুগ্রন্থ রচিত হইয়াছে। তন্মধ্যে শ্রীমদ্‌ভট্টোজিদীক্ষিতপ্রণীত—'বৈয়াকরণ-সিদ্ধান্ত-কৌমুদী' অন্যতম। শ্রীদীক্ষিত অষ্টাধ্যায়ীর সূত্রক্রম অনুসরণ না করিয়া প্রক্রিয়াক্রমানুযায়ী অষ্টাধ্যায়ীর সূত্র সন্নিবেশ করিয়াছেন। এই কৌমুদী-প্রস্থান গ্রন্থে সংজ্ঞা, পরিভাষা, সন্ধি, সুবন্ত, প্রভৃতি প্রকরণরূপে সাজাইয়াছেন। এই গ্রন্থের উপর বহুবিধ টীকা রচিত হইয়াছে। শ্রীদীক্ষিত স্বয়ংই প্রৌঢ়-মনোরমা লিখিয়াছেন। জ্ঞানেন্দ্র সরস্বতীর তত্ত্ববোধিনী, বাসুদেব দীক্ষিতকৃত বালমনোরমা নাগেশ ভট্টকৃত বৃহচ্ছব্দেন্দুশেখর ও লঘুশব্দেন্দুশেখর প্রভৃতি অন্যতম।

এক্ষণে হল্ সন্ধি প্রকরণকে অবলম্বন করিয়া সবিস্তারিত বঙ্গানুবাদ পুস্তক প্রণয়ন করিতে প্রবৃত্ত হই। সংজ্ঞা, পরিভাষা, তথা অচ্‌সন্ধির বঙ্গানুবাদ দুই একটি পুস্তক পূর্বাচার্যকর্তৃক রচিত হইলেও হল্ সন্ধির তেমন কোনো পুস্তক না থাকায় আমার এই ক্ষুদ্র প্রয়াস। কলিকাতা সংস্কৃত কলেজে স্নাতকোত্তর শ্রেণিতে অন্যান্য পাঠ্যপুস্তকের সহিত ব্যাকরণের পাঠ গ্রহণ করা সত্ত্বেও পরমসৌভাগ্যবশতঃ টোলবিভাগে প্রাধ্যাপক **ডঃ শ্রীবিশ্বরঞ্জন পাণ্ডা** মহোদয়ের সান্নিধ্যে প্রায় পঞ্চবৎসর যাবৎ নিয়মিতভাবে পাণিনি ব্যাকরণ অধ্যয়নের সৌভাগ্য ঘটিয়াছে। সেই অধ্যয়নকে পাথেয় করিয়া এই গ্রন্থ রচনায় প্রবৃত্ত হই। গ্রন্থটি ভালো কি মন্দ তাহা গুণিজনের বিচার্য।

**'আ পরিতোষাদ্‌বিদুষাং ন সাধু মন্যে প্রয়োগবিজ্ঞানম্।**
**বলবদপি শিক্ষিতানামাত্মন্যপ্রত্যয়ং চেতঃ।।** (শকুন্তলা ১/২)

## ।। অথ হল্‌সন্ধি-প্রকরণম্ ।।

১। স্তোঃ শ্চুনা শ্চুঃ (৮।৪।৪০)

সকারতবর্গয়োঃ শকারচবর্গাভ্যাং যোগে শকারচবর্গৌ স্তঃ। হরিশ্‌শেতে। রামশ্চিনোতি। সচ্চিৎ। শার্ঙ্গিঞ্জয়।

২। শাৎ (৮।৪।৪৪)

শাৎ পরস্য তবর্গস্য চুত্বং ন স্যাৎ। বিশ্নঃ। প্রশ্নঃ।

৩। ষ্টুনা ষ্টুঃ। (৮।৪।৪১)

স্তোঃ ষ্টুনা যোগে ষ্টুঃ স্যাৎ। রামষ্‌ষষ্ঠঃ। রামষ্টীকতে। পেষ্টা। তট্টীকা। চক্রিণ্ঢৌকসে।

৪। ন পদান্তাট্টোরনাম্ (৮।৪।৪২)

অনামিতি লুপ্তষষ্ঠীকং পদম্। পদান্তাট্টবর্গাৎ পরস্যানামঃ স্তোঃ ষ্টুর্ন স্যাৎ। ষট্ সন্তঃ। ষট্ তে। পদান্তাৎ কিম্—ঈট্টে। টোঃ কিম্—সর্পিষ্টমম্। অনাম্নবতিনগরীণামিতি বাচ্যম্ (বা. ৫০১৬)। ষণ্ণাম্। ষণ্ণবতিঃ। ষণ্ণগর্য্যঃ।

৫। তোঃ ষি (৮।৪।৪৩)

তবর্গস্য ষকারে পরে ষ্টুত্বং ন। সন্‌ষষ্ঠঃ। ঝলাং জশোঽন্তে। বাগীশঃ। চিদ্রূপম্।

৬। যরোঽনুনাসিকেঽনুনাসিকো বা (৮।৪।৪৫)

য়রঃ পদান্তস্যানুনাসিকে পরেঽনুনাসিকো বা স্যাৎ। এতন্মুরারিঃ। এতদ্‌মুরারিঃ। স্থানপ্রযত্নাভ্যামন্তরতমে স্পর্শে চরিতার্থো বিধিরয়ং রেফে ন প্রবর্ত্ততে। চতুর্মুখঃ। 'প্রত্যয়ে ভাষায়াং নিত্যম্' (বা. ৫০১৭)। তন্মাত্রম্। চিন্ময়ম্। কথং তর্হি। মদোদগ্রাঃ ককুদ্মন্তঃ ইতি? যবাদিগণে দকারনিপাতনাৎ।

৭। তোর্লি (৮।৪।৬০)

তবর্গস্য লকারে পরে পর-সবর্ণঃ স্যাৎ। তল্লয়ঃ। বিদ্বাঁল্লিখতি। নকারস্যানুনাসিকো লকারঃ।